দৈনিক সংবাদ

তারিখ 11 MAY 1992
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

55

# মিরপুর কলেজে সশস্ত্র হামলা অধ্যক্ষ ও প্রভাষক প্রহৃত

(মিরপুর প্রতিনিধি)

গতকাল রোববার বেলা ১২টার দিকে মিরপুর ১০ নং সেকশনে লিটনের নেতৃত্বে একদল সশস্ত্র যুবক মিরপুর কলেজে হামলা চালিয়েছে। এসব যুবক কলেজের অধ্যক্ষ ইসহাক হোসেন ও প্রভাষক গোলাম ওদুদকে একটি কক্ষে আটকে রেখে বেদম প্রহার করে।

এতে তারা আহত হন। যুবকরা অধ্যক্ষের কক্ষে হামলা চালিয়ে কক্ষের আসবাবপত্রের ক্ষতি সাধন করে এবং একটি শর্টহ্যান্ড ও টাইপ মেশিন নিয়ে যায়।

জানা গেছে, লিটন ও তার দলবল ঐ কলেজের একটি কক্ষ দখল করে দীর্ঘদিন থেকে সেখানে নানান অসামাজিক কাজ-কারবার চালিয়ে আসছিল।

কলেজ অধ্যক্ষ এসব কাজে বাধা দেন এবং উক্ত কক্ষ থেকে লিটনের দলবলকে বের করে দিলে তারা এ হামলা চালায়। এ ব্যাপারে মিরপুর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।